# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangladesh Medical University

শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।





স্মারক নং-বিএমইউ/২০২৬/৯৯০২ তারিখঃ ১৪/০৯/২০২৬খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিয়োগবিধি অনুযায়ী নিম্নেবর্ণিত পদগুলো পূরণের জন্য বাংলাদেশের নাগরিকগণের কাছ থেকে আবেদন আহবান করা যাচ্ছে ঃ

| ক্র.নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা |
|---|---|---|
| ১. | অধ্যাপক ঃ নার্সিং অনুষদের নার্সিং বিভাগ, বেতন স্কেল : টাঃ ৪৩,০০০-৬৯,৮৫০/- (গ্রেড-০৫) | ০১ |

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**

১. সংশ্লিষ্ট বিষয়ে বি.এস.সি (নার্সিং) ডিগ্রীসহ এম.এস.সি (নার্সিং) অথবা এম.পি.এইচ ডিগ্রী থাকিতে হইবে।

২. বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং/এমপিএইচ উভয় পরীক্ষায় সিজিপিএ-৪.০০ এর মধ্যে কমপক্ষে সিজিপিএ-৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে; যা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।

৩. সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর এবং অধিভূক্ত প্রতিষ্ঠানে ন্যূনতম ০৬ (ছয়) বৎসসহ মোট যথাক্রমে ১০(দশ) বৎসর ও ১২(বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪. সকল ক্ষেত্রে স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ১২ (বারো) টি অরিজিনাল আর্টিকেল থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬টি প্রকাশনা থাকিতে হইবে যার মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা হইতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।

৫. Medical Education সংক্রান্ত Teaching- learming Instructional Material Development, Assessment, Curriculum Development, and Evaluation I Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ডিগ্রী অর্জনকারীদের অতিরিক্ত অগ্রাধিকার দেওয়া হইবে।

৬. পিএইচডি ডিগ্রীকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। পিইচডি ডিগ্রি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।

বয়স সীমা সর্বোচ্চ ৫৫ বৎসর হতে হবে। (আবেদনপত্র জমার শেষ দিন)। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

| ক্র.নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা |
|---|---|---|
| ২. | সহযোগী অধ্যাপক ঃ নার্সিং অনুষদের নার্সিং বিভাগ, বেতন স্কেল : টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-০৬) | ০২ |

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**

১. সংশ্লিষ্ট বিষয়ে বি.এস.সি (নার্সিং) ডিগ্রীসহ এম.এস.সি (নার্সিং) অথবা এম.পি.এইচ ডিগ্রী থাকিতে হইবে।

২. বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং/এমপিএইচ উভয় পরীক্ষায় সিজিপিএ-৪.০০ এর মধ্যে কমপক্ষে সিজিপিএ-৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে; যা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।

৩. সংশ্লিষ্ট ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৪ (চার) বৎসর এবং অধিভূক্ত প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ ন্যূনতম ০৭(সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪. সকল ক্ষেত্রে স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি অরিজিনাল আর্টিকেল থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩টি প্রকাশনা থাকিতে হইবে যার মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা হইতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।

৫. Medical Education সংক্রান্ত Teaching- learming Instructional Material Development, Assessment, Curriculum Development, and Evaluation I Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ডিগ্রী অর্জনকারীদের অতিরিক্ত অগ্রাধিকার দেওয়া হইবে।

৬. পিএইচডি অথবা জার্নালে প্রকাশিত আর্টিক্যাল অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। পিইচডি ডিগ্রি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।

৭. বয়স সীমা সর্বোচ্চ ৫০ বৎসর হতে হবে। (আবেদনপত্র জমার শেষ দিন)। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

| ক্র.নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা |
|---|---|---|
| ৩. | সহকারী অধ্যাপক ঃ নার্সিং অনুষদের নার্সিং বিভাগ, বেতন স্কেল : টাঃ ২৯,০০০-৬৩,৪১০/- (গ্রেড-০৭) | ০২ |

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**

১. সংশ্লিষ্ট বিষয়ে বি.এস.সি (নার্সিং) ডিগ্রীসহ এম.এস.সি (নার্সিং) অথবা এম.পি.এইচ ডিগ্রী থাকিতে হইবে।

২. বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং/এমপিএইচ উভয় পরীক্ষায় সিজিপিএ-৪.০০ এর মধ্যে কমপক্ষে সিজিপিএ-৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে; যা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।

৩. সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রভাষক (নার্সিং) পদে বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪. প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ০৩ (তিন) টি অরিজিনাল আর্টিকেল থাকিতে হইবে। যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা হইতে হইবে।

৫. Medical Education সংক্রান্ত Teaching- learming Instructional Material Development, Assessment, Curriculum Development, and Evaluation I Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ডিগ্রী অর্জনকারীদের অতিরিক্ত অগ্রাধিকার দেওয়া হইবে।

৬. পিএইচডি অথবা জার্নালে প্রকাশিত আর্টিক্যাল অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। পিইচডি ডিগ্রি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।

৭. বয়স সীমা সর্বোচ্চ ৪৫ বৎসর হতে হবে। (আবেদনপত্র জমার শেষ দিন)। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

শর্তাবলী ঃ

১. প্রার্থীগণকে রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে পূবালী ব্যাংক লিঃ, ঢাকার শাহবাগ এভিনিউ শাখার উপর ৬,০০/-(ছয়শত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ নিম্নস্বাক্ষরকারীর অফিসে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাপ্তব্য নির্দিষ্ট আবেদনপত্রে ১০ (দশ) কপি আবেদন, পাসপোর্ট আকারের ১০ (দশ) কপি রঙিন ছবি, ১০(দশ) কপি গবেষণা প্রকাশনাসমূহের ফটোকপি (শিক্ষকবৃন্দের ক্ষেত্রে), ১০ (দশ) কপি বিএনএমসি'র হালনাগাদ রেজিস্ট্রেশনের ফটোকপি ও ১০ (দশ) সেট সকল সার্টিফিকেটের ফটোকপিসহ আগামী ২৯/০৯/২০২৬ইং তারিখ, মঙ্গলবার, বেলা ০২-৩০টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছাতে হবে।
২. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৩. বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় অধিভূক্ত প্রতিষ্ঠান ব্যাতীত অন্য কোনো প্রতিষ্ঠানের চাকরি শিক্ষকতার অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হবে না।
৪. অসম্পুর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৫. নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৬. নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নার্সিং অনুষদের নার্সিং বিভাগের শিক্ষক স্বল্পতার কারণে এবং বিশেষ প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক নিয়োগ শর্তাবলী শিথিল করার বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
৭. জাতীয় বেতন স্কেল অনুযায়ী বেতন ও গ্রেড নির্ধারিত হইবে।
৮. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bmu.ac.bd) থেকে নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

২৪/০৯/২৫

(অধ্যাপক ডা. মোঃ মোস্তফা কামাল)
রেজিস্ট্রার